গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টমস বন্ড কমিশনারেট,
৪২, এম.এম. আলী রোড, লালখান বাজার, চট্টগ্রাম
ওয়েবসাইট : www.cbcctg.gov.bd

নথি নং-৫(১৩)কাবক/চট্টঃ/বন্ড(পোঃ)/লাইঃ/১০৫/২০১২/ ২০২৫৮ তারিখ : ১৯ /০৭/২০২৬ খ্রি.

## এফওসির আমদানি প্রাপ্যতা

মেসার্স রিনাউন এ্যাপারেলস লিমিটেড, ভাটিয়ারী লিংক রোড (দক্ষিণ পার্শ্ব), বড়দিঘীর পাড়, হাটহাজারী, চট্টগ্রাম (বন্ড লাইসেন্স নং- ৫(১৩)কাবক/আঃকাঃ/বন্ড(পোঃ)/লাইঃ/১৫/২০১২, তাং-২৯/০৮/২০১২ খ্রি., মূসক নিবন্ধন নম্বর-০০০৯২৩৫৮৮-০৫০৬, তাং-৩১/১০/২০১৯ খ্রি.) নামীয় প্রতিষ্ঠান কর্তৃপক্ষের আবেদনের প্রেক্ষিতে সরাসরি রপ্তানিমুখী পোশাক শিল্প প্রতিষ্ঠান (ওয়্যারহাউস পদ্ধতির আওতায় সাময়িক আমদানি, ওয়্যারহাউস পরিচালনা ও কার্যপদ্ধতি) বিধিমালা, ২০২৪ (এসআরও নং-২১৩-আইন/২০২৪/৬৫/কাস্টমস, তাং-২৯/০৫/২০২৪ খ্রি., সংশোধনী এসআরও নং-২৩৪-আইন/২০২৫/৫৬/কাস্টমস, তাং-২৯/০৫/২০২৫ খ্রি.) এর বিধি-৭ এর উপবিধি-৫ মোতাবেক Free of Cost (FOC) ভিত্তিতে কাঁচামাল আমদানির জন্য রিভলভিং পদ্ধতিতে চলতি মেয়াদে অবশিষ্ট ০৬(ছয়) মাস অর্থাৎ ০৫/০৭/২০২৬ খ্রি. হতে ৩১/১২/২০২৬ খ্রি. পর্যন্ত মেয়াদে সর্বমোট ৭৭৭.৯১২ (সাতশত সাতাত্তর দশমিক নয় এক দুই) মে. টন কাঁচামাল নিম্নোক্ত শর্তাবলি পালন সাপেক্ষে বন্ড সুবিধায় ছাড়করণের জন্য প্রাপ্যতা প্রদান করা হলো।

### শর্তসমূহ

০১। আমদানিকৃত কাঁচামাল/পণ্য বন্দর হতে ছাড়করণের পূর্বে সংশ্লিষ্ট বিল অব এন্ট্রি, ইনভয়েস ও প্যাকিং লিস্টসহ পত্র মারফত এ দপ্তরকে জানাতে হবে এবং শুল্কায়নকালে ইউডি দাখিল করতে হবে;
০২। আমদানিকৃত পণ্য ওয়্যারহাউসে প্রবেশ সাপেক্ষে এর এস আরও নং-২২৩-আইন/২০২৪/৬৫, তারিখ: ২৯/০৫/২০২৪ এর বিধি-৯(২), (তফসিল ০৩) অনুযায়ী ইন্টু বন্ড রেজিস্টারে এন্ট্রি করতে হবে;
০৩। ওয়্যারহাউসের বিন কার্ডে অন্যান্য তথ্যের পাশাপাশি আমদানিকৃত পণ্যের বিল অব এন্ট্রি নাম্বারসহ পণ্যের সুনির্দিষ্ট বর্ননা উল্লেখ করতে হবে;
০৪। আমদানিকৃত পণ্য চালানের Cutting কার্যক্রমের স্থিরচিত্র ও ভিডিও চিত্র সংরক্ষণ করতে হবে এবং কারখানার যে স্থানে Cutting করা হবে সে স্থান অবশ্যই যথোপযুক্ত রেকডিং ও সংরক্ষণ সুবিধাসহ সিসিটিভির আওতাভুক্ত থাকবে;
০৫। আমাদনিকৃত পণ্য বন্ড কর্মকর্তা কর্তৃক স্কট করে ষ্টেশন হতে প্রতিষ্ঠানের বন্ডেড ওয়ারহাউজে প্রবেশ ও বন্ড রেজিষ্টার এন্ট্রি নিশ্চিত করতে হবে;
০৬। আমদানিকৃত পণ্য চালানের Cutting সংশ্লিষ্ট বন্ড এলাকা কর্মকর্তার উপস্থিতিতে সম্পন্ন করতে হবে;
০৭। আমদানিকৃত কাঁচামাল দিয়ে উৎপাদিত পণ্য রপ্তানির উদ্দেশ্যে বন্ডেড এলাকা থেকে বের করার পূর্বে অত্র দপ্তরকে লিখিতভাবে জানাতে হবে;
০৮। সাব-কন্ট্রাক্টকৃত পণ্যের ক্ষেত্রেও উপরিল্লিখিত প্রযোজ্য শর্তাদি পরিপালন করতে হবে;
০৯। রপ্তানি শেষে নির্ধারিত সময়ের মধ্যে পিআরসি দাখিল করতে হবে;
১০। উপর্যুক্ত কোন শর্ত পরিপালনে ব্যর্থ হলে পরবর্তীতে এফওসি অনুমোদন করা হবে না এবং বন্ডেড ওয়্যারহাউস লাইসেন্সিং বিধিমালা-২০২৪ অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে।

Dibakar
১৯/০৭/২০২৬

(দিবাকর হালদার)
অ্যাসিস্ট্যান্ট কমিশনার অব কাস্টমস
কমিশনার অব কাস্টমস (বন্ড) এর পক্ষে

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

০৫/

নথি নং-৫(১৩)কাবক/চট্টঃ/বন্ড(পোঃ)/লাইঃ/১০৫/২০১২/ ১০১৩৮ তারিখ : ১৯ /০৭/২০২৬ খ্রি.

*অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো ঃ*

১-৬। কমিশনার অব কাস্টমস, কাস্টমস হাউস, চট্টগ্রাম/ঢাকা/বেনাপোল/মোংলা/আইসিডি (কমলাপুর), ঢাকা/আইসিডি, চট্টগ্রাম/ভোমরা, সাতক্ষীরা/পানগাঁও, কেরানীগঞ্জ, ঢাকা/ইকোনমিক জোন কমিশনারেট, ঢাকা;

৭-৮। কমিশনার অব কাস্টমস (বন্ড), কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (উত্তর/দক্ষিণ);

৯-১৬। ডেপুটি/এ্যাসিস্টেন্ট কমিশনার অব কাস্টমস, ডিইপিজেড, সাভার, ঢাকা/সিইপিজেড, চট্টগ্রাম/কর্ণফুলী ইপিজেড, চট্টগ্রাম/কুমিল্লা ইপিজেড, কুমিল্লা/আদমজী ইপিজেড, নারায়ণগঞ্জ/ঈশ্বরদী ইপিজেড, পাবনা/উত্তরা ইপিজেড, নীলফামারী/পায়রা বন্দর, কলাপাড়া, পটুয়াখালী;

১৭। সহকারী প্রোগ্রামার, কাস্টমস বন্ড কমিশনারেট, চট্টগ্রাম (প্রাপ্যতার কপি ওয়েবসাইটে আপলোড করার জন্য বলা হলো);

১৮। সহকারী রাজস্ব কর্মকর্তা, কাস্টমস বন্ড কমিশনারেট, চট্টগ্রাম (এ প্রাপ্যতার বিপরীতে আমদানিকৃত কাপড় (Fabric) এর কাটিং নিশ্চিতপূর্বক নিয়মিত প্রতিবেদন দাখিল করবেন)।

১৯। ব্যবস্থাপক, পূবালী ব্যাংক পিএলসি, সিডিএ এনেক্স ভবন শাখা, চট্টগ্রাম/ব্যাংক এশিয়া পিএলসি, আগ্রাবাদ শাখা, চট্টগ্রাম;

২০। ব্যবস্থাপনা পরিচালক, মেসার্স রিনাউন এ্যাপারেলস লিমিটেড, ভাটিয়ারী লিংক রোড (দক্ষিণ পার্শ্ব), বড়দিঘীর পাড়, হাটহাজারী, চট্টগ্রাম;

২১-২২। প্রথম সহ-সভাপতি, বিকেএমইএ, এস.আলম. সেন্টার (৩য় তলা), ৫৮, আগ্রাবাদ বা/এ, চট্টগ্রাম;

২৩। পিএ টু কমিশনার অব কাস্টমস (বন্ড), কাস্টমস বন্ড কমিশনারেট, চট্টগ্রাম (কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য);

২৪। অফিস কপি।

Dibakar
১৯/০৭/২০২৬

(দিবাকর হালদার)
অ্যাসিস্ট্যান্ট কমিশনার অব কাস্টমস